তারিখ ... 10 MAY 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

দৈনিক বাংলা

# ঢাকা ভার্সিটি ডিগ্রী পরীক্ষার ফল : পাসের হার ২৪ শতাংশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯ সনের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে।

এবার বিএ, বিএসসি ও বিকম পাস পরীক্ষায় সর্বমোট ৫৯ হাজার ৬৩০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। পরীক্ষায় পাস করেছেন ১৪ হাজার ৪২০ জন। পাসের হার শতকরা ২৪ দশমিক ১৮ ভাগ।

বিএ (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করেন ৪২ হাজার ২৬৪ জন।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

পাস করেছে ৯ হাজার ৮৮৫ জন। এদের মধ্যে জন প্রথম বিভাগে, ৬ হাজার ৪৩৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ৪৪২ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার শতকরা ২৩ দশমিক ৩১ ভাগ।

বিএসসি (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করেন সর্বমোট ৭ হাজার ৪০৫ জন পরীক্ষার্থী। পাস করেছেন ২ হাজার ৩৮ জন পরীক্ষার্থী। এদের মধ্যে ২৮ জন প্রথম বিভাগে, ৯৮১ জন দ্বিতীয় বিভাগে এবং এক হাজার ২৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন। পাসের হার শতকরা ২৭ দশমিক ৫ ভাগ।

বিকম (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করেন ৯ হাজার ৯৬৫ জন পরীক্ষার্থী। পাস করেছেন ২ হাজার ৪৯৭ জন। কেউ প্রথম বিভাগ পাননি। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ৫২১ জন এবং তৃতীয় বিভাগে এক হাজার ৯৭৬ জন পরীক্ষার্থী। পাসের হার ২৫ দশমিক ০৬ ভাগ।

বিএ (সাবসিডিয়ারী) পরীক্ষায় অংশগ্রহণ করেন ২হাজার ৮১১ জন পরীক্ষার্থী। পাস করেছেন এক হাজার ৯৫৬ জন। পাসের হার শতকরা ৬৯ দশমিক ৫৮ ভাগ। বিএসসি সাবসিডিয়ারী) পরীক্ষায় অংশগ্রহণ করেন ৩ হাজার ৯৬৫ জন পরীক্ষার্থী। কৃতকার্য হয়েছেন এক হাজার ৪৯৭ জন পরীক্ষার্থী। পাসের হার শতকরা ৩৭ দশমিক ৭ ভাগ।

বিকম (সাবসিডিয়ারী) পরীক্ষায় অংশগ্রহণ করেন ২ হাজার ৫০১ জন পরীক্ষার্থী। পাস করেছেন ৪৩২ জন। পাসের হার শতকরা ১৭ দশমিক ২৭ ভাগ।

### ২৭ কলেজ থেকে কেউ পাস করেনি

এবার বিকম (পাস) পরীক্ষায় ২৭টি কলেজ থেকে কেউ পাস করেনি। এগুলি হচ্ছে আমতলী ডিগ্রী কলেজ, কলসকাঠি ডিগ্রী কলেজ, আবুল কালাম কলেজ, মুলাদী কলেজ, ঝালকাঠি সরকারী কলেজ, শেরে বাংলা ফজলুল হক কলেজ, নলসিটি কলেজ, রাজাপুর ডিগ্রী কলেজ, সুবিদখালী কলেজ, মকসুদপুর কলেজ, ধনবাড়ী কলেজ, কালিয়াকৈর কলেজ, বিনিআরজি কলেজ, কালিহাতী কলেজ, নজরুল কলেজ, আলমগীর মনসুর মেমোরিয়াল কলেজ, ঈশ্বরগঞ্জ ডিগ্রী কলেজ, সুসং ডিগ্রী কলেজ, শহীদ স্মৃতি আদর্শ কলেজ, নান্দিনা মহাবিদ্যালয়, ইসলামপুর কলেজ, বকশীগঞ্জ সরকারী কিয়ামতউল্লাহ কলেজ, সোনারগাঁও ডিগ্রী কলেজ, ভৈরবী ডিগ্রী কলেজ, ইস্পাহানী কলেজ, সলিমুল্লাহ কলেজ, ও বঙ্গবাসী কলেজ।

অনুরূপভাবে বিএ (পাস) পরীক্ষায় কোটালীপাড়া শেখ লুৎফর রহমান আদর্শ কলেজ থেকে এবং বিএসসি (পাস) পরীক্ষায় ইব্রাহীম খাঁ মহাবিদ্যালয় থেকে কেউ পাস করেনি।